



## উপজেলা পরিক্রমা বাহুবল

বাহুবল (হবিগঞ্জ), ১৬ এপ্রিল (সংবাদদাতা)।— উপজেলার উত্তরে নবীগঞ্জ উপজেলা, দক্ষিণে চুনারাঘাট, পূর্বে শ্রীমঙ্গল ও পশ্চিমে হবিগঞ্জ উপজেলা। এ উপজেলার আয়তন ৮৭ বর্গ মাইল। ৭টি ইউনিয়নে লোকসংখ্যা মোট ১,১৬,৬০৪ জন। পুরুষ ৫৮,৭২৩ জন, মহিলা ৫৭,৮৮১ জন।

### যোগাযোগ

জেলা বোর্ডের রাস্তা ১১ মাইল, রেলপথ ৮ এবং জলপথ ১২, পাকা রাস্তা ১৬ মাইল। ঢাকা-সিলেট মহাসড়ক থেকে উপজেলা সদরে একটি মাত্র রাস্তা যা পাকা রয়েছে। কিন্তু রাস্তার প্রশস্তত কম বলে একত্রে ২টি যানবাহন চলাফেরা খুবই অসুবিধা।

### শিক্ষা

উপজেলার শিক্ষিতের হার ১৭%। ফাজিল মাদ্রাসা ১টি, উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ৫টি, মহিলা বিদ্যালয় ২টি, দাখিল মাদ্রাসা ১টি, সরকারী প্রাথমিক বিদ্যালয়-৭৩টি, বেসরকারী প্রাথমিক

বিদ্যালয় ১১টি এবং কোম্পানী মাদ্রাসা ৮টি ও পরীক্ষা কেন্দ্র ১টি।

### কৃষি

অধিকাংশ অধিবাসী কৃষিজীবী। বন ৬,৬৭৫ একর, আবাদী জমি ৩৯,৩৪৬ একর, দু'ফসলি ১৬,৬৮১ একর, আমন ২৭,৩৪৫ একর। এখানে বোরো, আউশ আমন, ইরি চার প্রকারের ধানই জন্মে।

### স্বাস্থ্য

সরকারী হাসপাতাল ১টি, পরিবার পরিকল্পনা ক্লিনিক ৩টি, পশু হাসপাতাল ১টি, সরকারী হাসপাতালে বেড সংখ্যা সীমিত হওয়ায় রোগীদের দুর্ভোগ পোহাতে হয়। পরিবার পরিকল্পনা অফিস ১টি।

### বাজার

উপজেলার লোক বেশ কিছু ব্যবসাজীবী। এলাকার প্রধান প্রধান বাজার হচ্ছে বাহুবল বাজার, মিরপুর বাজার, ডুবাঐ বাজার, পুটিজরী বাজার। ছোট বড় ১৫টি বাজার ও ৮টি হাট আছে।